

দুর্যোগ ব্যবস্থাপনা এবং উন্নয়ন নীতিতে জেডার- দৃষ্টিভঙ্গি একীভূতকরণ

ইউনিভার্সাল ইন্টারভেনশন অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (UNIDOR)

মায়ান্দিত, দক্ষিণ সুদান

পটভূমি

ইউনিভার্সাল ইন্টারভেনশন ফর ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (UNIDOR/ ইউনিডর) দক্ষিণ সুদানের এবং একটি খ্রিস্টান সংস্থা যা ২০০৪ সালে প্রতিষ্ঠিত হয়েছে। সংস্থাটি জাতীয় সরকারের ত্রাণ ও পুনর্বাসন কমিশন (RRC) থেকে কাজের অনুমতি পেয়েছে। ইউনিডর ইউনিটি স্টেটের সাতটি কাউন্টির (লির, মায়ান্দিত, প্যানিজিয়ার, গুইট, কোচ, রুবকোনা, মায়োম) পাশাপাশি প্যারিয়েং এবং রুওয়েং প্রশাসনিক অঞ্চল জুড়ে কার্যক্রম উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে।

আফ্রিকার জেডার রেসপন্সিভ রেজিলিয়েন্স অ্যান্ড ইন্টারসেকশনালিটি ইন পলিসি অ্যান্ড প্র্যাকটিস (GRRIPP/ গ্রিপ) প্রকল্প বাস্তবায়নকারী হলেন ইউনিডর এর নির্বাহী পরিচালক জেমস নিনরিউ কিহ। তিনি কেনিয়া মেথডিস্ট বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় প্রশাসনে ডক্টরেট ডিগ্রি (পিএইচডি) অর্জন করেছেন। মানবিক ক্ষেত্রে তার ১৬ বছরের বেশি দক্ষতা এবং অভিজ্ঞতা - সংস্থাটির প্রবৃদ্ধি এবং সাফল্যের জন্য অপরিহার্য।

উদ্দেশ্যসমূহ

ইউনিডর সহনশীল, টেকসই ও স্বনির্ভর সমাজ গড়ে তোলার লক্ষ্যে জেডার অন্তর্ভুক্তিমূলক নীতিমালা উন্নয়ন করছে। গ্রিপ প্রকল্পের উদ্দেশ্য হলো জেডার ভারসাম্যহীনতা দূর করা, নারীর অধিকার নিশ্চিত করা এবং জেডার বৈষম্যের প্রধান সমস্যাগুলো মোকাবেলা করা। এটি টেকসই জীবিকা ও উন্নয়ন, সমঅধিকারের স্বীকৃতি এবং দ্বন্দ্ব সমাধানের মতো বিষয়গুলো অন্তর্ভুক্ত করে।



গ্রিপ প্রকল্পের সুবিধাভোগীদের সাথে ইউনিডর (UNIDOR) এর সদস্যরা।

ক্রেডিট: নাকাউইসা এলিস (ইউএনআইডিওআর)

স্থান: কুয়াচুল পায়াম, কোচ কাউন্টি

কার্যক্রম

- সহনশীল এবং স্বনির্ভর টেকসই সমাজ গড়ে তোলা ও জেভার সংবেদনশীল দুর্যোগ ব্যবস্থাপনার জন্য একটি জেভার নীতিমালা তৈরি করা।
- নারী, পুরুষ এবং যুবকদের সাথে ফোকাস গ্রুপ এবং কি (KII) ইনফরম্যান্ট ইন্টারভিউ পরিচালনা করে। তাদের দেওয়া তথ্য (UNIDOR কর্মীদেরসহ) একটি অন্তর্ভুক্তিমূলক প্রাতিষ্ঠানিক নীতি তৈরিতে ব্যবহার করা হয়েছিল।
- ৪২ জন অংশগ্রহণকারী (২০ জন পুরুষ, ২০ জন নারী, ২ জন অন্যান্য লিঙ্গ) নিয়ে একটি স্টার্ট-আপ বিজনেস ওয়ার্কশপ পরিচালনা করা হয়েছে।
- ৩০ জন (১৬ জন নারী, ১৪ জন পুরুষ) এর সাথে একটি পরামর্শমূলক স্টেকহোল্ডার সভা অনুষ্ঠিত হয়।
- ২৫ জন (১৫ জন নারী, ১০ জন পুরুষ) খাদ্য, নিরাপত্তা ও জীবিকা (এফএসএল) প্রশিক্ষণ গ্রহণ করেছেন।
- জেভার নীতির সুবিধার বিষয়ে ৬০ জন কান্ট্রি-অফিস সদস্যদের (৩২ নারী, ২৮ জন পুরুষ) প্রশিক্ষণ দেওয়া হয়।

প্রভাব

গ্রিপ প্রকল্পের কার্যক্রম ইউনিডর(UNIDOR)-এ মানুষের আস্থা বৃদ্ধি করেছে। ক্লাস্টার অংশীদাররা ইউনিডর (UNIDOR)-এর কাজকে স্বীকার করেছে। তারা পাইলট নীতিগুলি সামাজিক বিজ্ঞান খাতে ব্যবহার করার জন্য অনুরোধ করেছেন।

জেভার ইনক্লুসিভ পলিসি এই অঞ্চলে পরিষেবা প্রদানের একটি উদ্ভাবনী পদ্ধতি হিসেবে স্বীকৃত হয়েছে। নীতিটি যুগান্তকারী কারণ এটি নীতি পরিকল্পনা, উন্নয়ন এবং বাস্তবায়নে জেভার অন্তর্ভুক্তি এবং সমতার সর্বোত্তম চর্চাগুলো কীভাবে অনুসরণ করতে হয় সে সম্পর্কে নতুন জ্ঞান উপস্থাপন করে।

গ্রিপ (GRRIPP) আফ্রিকার সমর্থন ছাড়া UNIDOR এর সাফল্য সম্ভব হতো না।



ছবি: জেমস নিনরিউ কেহ,
ইউএনআইডিওর দক্ষিণ
সুদানের নির্বাহী পরিচালক
ক্রেডিট: ফ্রান্সিস গিচেরু
(UNIDOR)
স্থান: নাইরোবি, কেনিয়া

দুর্যোগ ব্যবস্থাপনা এবং উন্নয়ন নীতিতে জেভার-
প্রতিক্রিয়াশীল পদ্ধতির একত্রীকরণ

ইউনিভার্সাল ইন্টারভেনশন অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
(UNIDOR)

X (previously Twitter): @UNIDO_S_Ke

LinkedIn: [Universal Intervention for Development Organization
\(UNIDOR\)](https://www.linkedin.com/company/unidor)

Email: ed@unidorss.org

www.gripp.net/africaprojects

A project funded by 'Gender Responsive Resilience
& Intersectionality in Policy & Practice' (GRRIPP) -
Networking Plus Partnering for Resilience' a UKRI
Collective Fund award

